Total No. of Printed Pages—8

**X/23/B**

**2 0 2 3**

**BENGALI**

( INDIAN LANGUAGE )

**( FOR CANDIDATES WITH INTERNAL ASSESSMENT )**

*Full Marks* : 80
*Pass Marks* : 24

**( FOR CANDIDATES WITHOUT INTERNAL ASSESSMENT )**

*Full Marks* : 100
*Pass Marks* : 30

*Time* : 3 hours

**( FOR ALL CATEGORIES OF CANDIDATES )**

*General Instructions* :

(i) The Candidates are advised to attempt all questions accordingly.

(ii) Marks allocated to every question are indicated against each.

## বিভাগ—ক

১। বন্ধনী থেকে সঠিক শব্দ বেছে নিয়ে শূন্যস্থান পূর্ণ কর : ১×৩=৩

(ক) তখনই মনস্থির করে ফেললেন ______ যাবেন কার্পেট বেচতে।

( ভারত / বাংলাদেশ / পাকিস্তান )

(খ) শহর হইতে দুই তিন ক্রোশের মধ্যে দুই তিনজন জমিদারের ______ ছিল।

( গরু / ঘোড়া / হস্তী )

(গ) এই বলিয়া সে ঘর ছাড়িয়া ______ খুঁজিতে বাহির হইল।

( পণ্ডিতকে / সন্ন্যাসীকে / গুরুকে )

২। *দু-একটি* শব্দে বা *একটি* বাক্যে যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'গুপ্তধন' গল্পের লেখক কে?

(খ) তোতার পাণ্ডিত্যকে লেখক কার সঙ্গে তুলনা করেছেন?

(গ) চৈত্রসংক্রান্তির মেলা কোথায় হয়?

(ঘ) ''দাদামশায় আদর যাবার সময় কাঁদছিল।''—বক্তা কে?

(ঙ) ''কোথায় ধন আছে আমাকে দয়া করিয়া দেখাইয়া দাও!''—বক্তা কে?

৩। *দু-একটি* শব্দে বা *একটি* বাক্যে যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) খড়ের চালে করলা-লতা কিভাবে উঠেছে?

(খ) 'আবার আসিব ফিরে'—কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(গ) 'মহেন্দ্রের মন্দির সন্ধানে' এখানে 'মহেন্দ্র' বলতে কাকে বোঝানো হয়েছে?

(ঘ) শূন্যস্থান পূর্ণ কর :

''কুয়াশার বুকে ভেসে একদিন
আসিব এ ______ ছায়ায়;''

(ঙ) কবির মতে সুধাময়ী কে?

৪। *চারটি* বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) ''ওঁর বাপের আমল থেকে আমি ওঁদের মোক্তার।''—এখানে বক্তা কে? বক্তা 'ওঁর' বলতে কার কথা বলেছেন? ১+১=২

(খ) ''এক বৎসর পথে পথে কাটিয়া গেল।'' —কার, কেন এক বৎসর পথে পথে কেটে গেল? ১+১=২

৫। *চারটি* বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'গ্রাম্যছবি' কবিতায় গ্রামের ঘর বাড়ির সৌন্দর্য কেমন বলেছেন কবি?

(খ) কবি জীবনানন্দ দাশের রচিত দুটি কাব্যের নাম লেখ।

৬। *ষোলোটি* বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'তোতা কাহিনী' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা কর।

(খ) 'আদরিণী' গল্প অবলম্বনে জয়রামের চরিত্র বর্ণনা কর।

৭। *ষোলোটি* বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৭

(ক) 'আবার আসিব ফিরে' কবিতায় কবি কি কি রূপে বাংলাদেশে ফিরে আসতে চেয়েছেন, বর্ণনা কর।

(খ) 'গ্রাম্যছবি' কবিতা অবলম্বনে গ্রামের প্রাকৃতিক শোভার বর্ণনা দাও।

## বিভাগ—খ

৮। *একটি* শব্দে বা *একটি* বাক্যে যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'শ্রীকান্ত ও ইন্দ্রনাথ' পাঠটি কার লেখা, কোন্ গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

(খ) নেকড়ে বাঘটি কোন্ গাছের নীচে বসেছিল?

(গ) ''যার ভয় নেই, প্রাণের মায়া নেই, সে কেন রাস্তা ঘুরতে যাবে মা?'' কার কথা বলা হয়েছে?

(ঘ) ''চড়াটার নাম শুনিয়াছিলাম;''—চড়াটার নাম কি?

(ঙ) শূন্যস্থান পূর্ণ কর :

অকস্মাৎ পালোয়ান _______
''উহ বয়ঠা'' বলিয়া একলাফে
একেবারে বারান্দার উপর।

(চ) ইন্দ্রনাথ কাদের বাড়ির ছেলে?

৯। *ষোলোটি* বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) ইন্দ্রনাথের সাথে শ্রীকান্তের মাছ চুরির অভিজ্ঞতার বর্ণনা দাও।

(খ) ইন্দ্রনাথ কলম ফেলে নৌকার দাঁড় হাতে নিয়েছিল কেন তার বর্ণনা দাও।

## বিভাগ—গ

১০। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) উদাহরণসহ সংজ্ঞা লেখ (যে কোনো **দুটি**) : ২×২=৪

আদি স্বরাগম; বর্ণবিপর্যয়; অভিশ্রুতি; দ্বিগু সমাস; বহুব্রীহি সমাস।

(খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যে কোনো **তিনটি**) : ২×৩=৬

ত্রিনয়নী; চন্দ্রচূড়; বেগতিক; রামছাগল; পথঘাট; দেবদত্ত; দুধেভাতে।

(গ) নিম্নলিখিত শব্দযুগলের অর্থ-পার্থক্য লেখ (যে কোনো **চারটি**) : ১×৪=৪

আদি-আধি; কুজন-কূজন; অবিরাম-অভিরাম; শরণ-স্মরণ; সজ্জা-শয্যা; দার-দ্বার।

(ঘ) সঠিক অর্থ নির্দেশ করে নীচে দেওয়া বাগ্‌ধারাগুলি দিয়ে বাক্য-রচনা কর (যে কোনো **দুটি**) : ২×২=৪

আক্কেল সেলামী; আমড়াগাছি করা; কাজীর বিচার; গোবর গণেশ; অকালকুষ্মাণ্ড।

(ঙ) বাক্য সংকোচন কর (যে কোনো **চারটি**) : ১×৪=৪

ধনুকের ছিলার শব্দ; বিষ্ণুর উপাসক; জনকের কন্যা; বর দান করেন যিনি; ক্ষমা করিবার ইচ্ছা; যাহা উঠিতেছে; বরণ করিবার যোগ্য।

## বিভাগ—ঘ

১১। নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর দাও (প্রতিটি উত্তর *দুটি* বা *তিনটি* বাক্যের মধ্যে) : ২×৪=৮

এই তিনটি ব্রাহ্মণের নাম হলো—সিন্ধু, ব্রহ্মপুত্র ও শতদ্রু। আর প্রমত্তা ভৈরবী যিনি, তিনি হলেন কর্ণালী। এরা চারজন বিচিত্র ঐশ্বর্য বহন করেছে চিরকাল। শতদ্রু তার ধারাপথে নিয়ে গেছে স্বর্ণ রেণুসম্ভার, রূপের সঙ্গে রৌপ্যচূর্ণ ঝলমলিয়ে উঠেছে কর্ণালীতে, অজস্র হীরকচূর্ণ ভাসিয়ে নিয়ে চলেছে সিন্ধু, এবং ব্রহ্মপুত্র তাঁর পূর্বধারাপথে নিয়ে চলেছে স্ফটিক রত্নসম্ভার। শতদ্রুর জল-পান করলে হস্তীর মতো বলবান হয়, কর্ণালীর জলপানে ময়ূরের মতো সৌন্দর্য শোভাবর্ধন ঘটে, সিন্ধুর জলপানে সিংহের মতো বিক্রম লাভ হয়—ব্রহ্মপুত্রের জলে আছে বলশালী অশ্বের কঠিন গতি ও অধ্যবসায়।

(ক) তিনটি ব্রাহ্মণের নাম কি?

(খ) কে অজস্র হীরকচূর্ণ ভাসিয়ে নিয়ে চলেছে?

(গ) কার জলপান করলে হস্তীর মতো বলবান হওয়া যায়?

(ঘ) কার জলে বলশালী অশ্বের গতি ও অধ্যবসায় রয়েছে?

১২। নিম্নলিখিত যে কোনো **একটি** বিষয় অবলম্বন করে প্রবন্ধ লেখ (২৫০ শব্দের মধ্যে) : ১০

(ক) মেঘালয়ের প্রাকৃতিক সম্পদ


(খ) শরীরচর্চা

(গ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার

(ঘ) শিক্ষায় মাতৃভাষার গুরুত্ব

*অথবা*

নীচের ছবিটি দেখে ছবিটির বিস্তৃত বর্ণনা দাও *অথবা* ছবিটি তোমার মনে যে ভাব ফুটিয়ে তুলেছে তা স্পষ্ট করে লেখ : ১০



*অথবা*

নিম্নলিখিত সংকেত সূত্রগুলি অবলম্বন করে একটি গল্প রচনা কর **( কেবলমাত্র দৃষ্টিহীন ছাত্র-ছাত্রীদের জন্য ) :** ১০

রবার্ট ব্রুস স্কটল্যাণ্ডের রাজা—বার বার যুদ্ধে পরাজিত—পর্বত গুহায় আশ্রয় গ্রহণ—গুহার ছাদে মাকড়সা জাল বুনছে—মাকড়সা বার বার পড়ে যাচ্ছে—আবার চেষ্টা করছে—দশমবারে মাকড়সা সফল—রবার্ট ব্রুসের শিক্ষাগ্রহণ—আবার যুদ্ধযাত্রা এবং জয়লাভ।

## বিভাগ—ঙ

## ( For Candidates without Internal Assessment )

১৩। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ২×৪=৮

(ক) ''বাবা, তুমি মনের মধ্যে বৃথা শোক করিতেছ।''—কে, কাকে কথাটি বলেছেন?

(খ) ''বিক্রি করবে, কিন্তু বিস্তর দাম চায়।''—কি বিক্রি করবে? কত দাম চায়?

(গ) ''দুম করে বলে ফেললেন।''—কে, দুম করে কি বলে ফেললেন?

(ঘ) 'আবার আসিব ফিরে' কবিতায় কবি কোন্ কোন্ পাখির নাম উল্লেখ করেছেন?

(ঙ) ''তোমার দূরের সুরে''—মর্মার্থ লেখ।

(চ) বৃদ্ধ রামকমল ভট্টাচার্য আফিং খেয়ে কি করছিলেন?

১৪। *বারোটি* বাক্যে যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৬×২=১২

(ক) প্রবাসের বন্দি জীবন থেকে তোতা কিভাবে মুক্তি পেল, 'তোতা কাহিনী' পাঠ অবলম্বনে আলোচনা কর।

(খ) আদরিণী কে? তার আগমনে গ্রামের কি অবস্থা হয়েছিল, বর্ণনা কর।

(গ) 'রবীন্দ্রনাথ' কবিতার ভাববস্তু বিশ্লেষণ কর।

(ঘ) 'শ্রীকান্ত ও ইন্দ্রনাথ' পাঠ অবলম্বনে শ্রীকান্তের চরিত্র বিশ্লেষণ কর।

★ ★ ★